সর্বমোট (ক+খ+গ+ঘ):			**২৪৩৩.০০**	**২৪৩৩.০০**	**-**	**২৪৩৩.০০**	**২৩৬৯.৭৫৯৬৮**	**২৩৬৯.৭৫৯৬৮**	**-**	**২৩৬৯.৭৫৯৬৮**

অব্যয়িত অর্থ: সংশোধিত মোট বরাদ্দ ছিলো ২৪৩৩.০০ লক্ষ টাকা। এর মধ্যে বরাদ্দ প্রদান করা হয়েছে ২৩৯৪.৫৯ লক্ষ টাকা এবং প্রকৃত খরচ হয়েছে ২৩৬৯.৭৬ লক্ষ টাকা। অব্যয়িত (২৩৯৪.৫৯- ২৩৬৯.৭৬)=২৪.৮৩ লক্ষ টাকা সংশ্লিষ্ট অর্থনৈতিক কোডে চালান নং টি-২, তারিখ: ৩০ জুন ২০১৯ সোনালী ব্যাংক লিমিটেড, বান্দরবান শাখা, বান্দরবানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে।

তথ্যসূত্র: পিসিআর

৭। বছরভিত্তিক আরডিপিপি'র সংস্থানের বিপরীতে সংশোধিত এডিপি বরাদ্দ ও অর্থ ব্যয় সংক্রান্ত তথ্যাদি:

(লক্ষ টাকায়)

অর্থবছর	ডিপিপি অনুযায়ী আর্থিক সংস্থান (জিওবি অর্থ)			সংশোধিত এডিপি বরাদ্দ			অবমুক্তি (জিওবি)	ব্যয়		
	মোট	টাকা	প্রত্যাশী সংস্থার অর্থ	মোট	টাকা	প্রত্যাশী সংস্থার অর্থ		মোট	টাকা	প্রত্যাশী সংস্থার অর্থ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
২০১৬-২০১৭	৮৩৯.৪০	৮৩৯.৪০	-	১১০৪.০০	১১০৪.০০	-	-	১১০৪.০০	১১০৪.০০	-
২০১৭-২০১৮	৮৬৮.৭৫	৮৬৮.৭৫	-	৮০০.০০	৮০০.০০	-	-	৮০০.০০	৮০০.০০	-
২০১৮-২০১৯	৭২৪.৭৬	৭২৪.৭৬	-	৪৬৫.৭৫৯৬৮	৪৬৫.৭৫৯৬৮	-	-	৪৬৫.৭৫৯৬৮	৪৬৫.৭৫৯৬৮	-
মোট:	**২৪৩৩.০০**	**২৪৩৩.০০**	**-**	**২৩৬৯.৭৫৯৬৮**	**২৩৬৯.৭৫৯৬৮**	**-**	**-**	**২৩৬৯.৭৫৯৬৮**	**২৩৬৯.৭৫৯৬৮**	**-**

তথ্যসূত্র: পিসিআর

৮। প্রকল্পর সংশোধন/ব্যয়/মেয়াদ বৃদ্ধির প্রেক্ষাপট: আলোচ্য প্রকল্পটি মোট ২৪৩৩.০০ লক্ষ টাকা ব্যয়ে জুলাই ২০১৬ থেকে জুন ২০১৯ মেয়াদে বাস্তবায়নের জন্য গত তারিখে অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটি ১ম সংশোধনীর মাধ্যমে আন্তঃঅঙ্গ সমন্বয় করা হয়। প্রকল্পটির ১ম সংশোধনী ২৭ জুন ২০১৯ অনুমোদিত হয়।

৯। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

১০। স্টিয়ারিং/পিআইসি/পিএমসি/এডিপি রিভিউ সভা সংক্রান্ত:

সভার নাম	প্রকল্প বাস্তবায়নকাল পর্যন্ত মোট লক্ষ্যমাত্রা		প্রকৃত অর্জন
	পরিপত্র অনুযায়ী	ডিপিপি অনুযায়ী	
প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা (PIC)	১১ টি	১১ টি	০৭ টি
প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা (PSC)	১১ টি	১১ টি	০৩ টি
প্রকল্প পরিবীক্ষণ কমিটির সভা (PMC)	১১ টি	১১ টি	০৫ টি
এডিপি রিভিউ সভা (ADP)	৩৬ টি	৩৬ টি	৩৬ টি

১১। প্রকল্পের প্রধান প্রধান ক্রয় (পণ্য, কার্য ও সেবা) সংক্রান্ত তথ্য: পরিদর্শনকালে উপস্থাপিত ডকুমেন্টস পর্যালোচনায় প্রকল্পের ক্রয় কার্যক্রমের সঠিক চিত্র পাওয়া যায়নি। সংশ্লিষ্ট কর্মকর্তা জানান প্রকল্পটি সমাপ্ত হওয়ার দীর্ঘ সময় অতিবাহিত হওয়ায় প্রকল্পকালীন কোন কর্মকর্তা বর্তমানে এখানে নেই। তাছাড়া ইইনসি/গ্যারিসন ইঞ্জিনিয়ার অফিসে কিছু ডকুমেন্ট পাওয়া যেতে পারে। ফলে প্রকল্পের ক্রয় সংক্রান্ত সার্বিক কার্যক্রম সম্পর্কে সঠিক ধারনা পাওয়া যায়নি। ডিপিপি'তে অনুমোদিত মোট প্যাকেজ সংখ্যা: ০৩ (তিন) টি পণ্য, ০৯ (নয়)) টি কার্য এবং ০১ (এক) টি সেবা। পিসিআরে বর্ণিত তথ্য অনুযায়ী প্রকল্পের প্রধান প্রধান ক্রয়সমূহ নিম্নরুপ-

ক্রয়ের বর্ণনা (পন্য/কার্য/সেবা) BID অনুসারে ঠিকাদারী প্রতিষ্ঠান	টেন্ডার/ BID/প্রস্তাবমূল্য (টাকায়)		টেন্ডার/ BID/প্রস্তাব		কার্য/সেবা সমাপ্তির এবং পন্যসরবরাহের তারিখ	
	ডিপিপি অনুযায়ী	চুক্তিমূল্য (মূল/সংশোধিত)	দরপত্র আহ্বানের তারিখ	চুক্তিস্বাক্ষর/এলসি উন্মুক্তকরণতারিখ	চুক্তি অনুযায়ী	বাস্তব
১	২	৩	৪	৫	৬	৭
EinC/03 of 2016-2017 Appoinment of consultant for preparation of drawing/design. Priced Bill of Quantities with specification for "Establishment of Cant. Public School and College at AlikadamCantonoment" M/S Advance Engineering	০.০৯	৯,০০,০০০.০০	১৯.০২.২০১৭	১৯.০২.২০১৭	৩০.০৬.২০১৯	৩০.০৬.২০১৯
EinC/61 of 2016-2017 Construction of Academic Building (4 storey with 4 storeyed foundation) with ancillary works for "Establishment of Cant. Public School and College at AlikadamCantonoment" M/S Taher Borthers Ltd.	২৪.৩৩	২১,০৫,৫২,১৪২.৭২	১০.১২.২০১৬	০৮.০১.২০১৭	১৪.০২.২০১৭ ১৩.০৮.২০১৮ ১৩.০৪.২০১৯ (সংশোধিত)	১৩.০৪.২০১৯
EinC/55 of 2017-2018 Provision of external water supply line including ancillaryworksfor "Establishment of Cant. Public School and College at AlikadamCantonoment" M/S Wasta Enterprise	০.৩৫	৩৪,৬০,৫০০.০০	১২.১২.২০১৭	২৫.১২.২০১৭	১৮.০১.২০১৮ ১৭.০৪.২০১৮ ১৭.০৭.২০১৮ (সংশোধিত)	১৭.০৭.২০১৮
EinC/56 of 2017-2018 Provision of external electric supply line with Sub-Station building for "Establishment of Cant. Public School and College at	০.৬৫	৫৯,১০,০০০.০০	১৫.১২.২০১৭	৩০.১২.২০১৭	১৫.০১.২০১৮ ১৪.০৪.২০১৮ ১৪.০৭.২০১৮ (সংশোধিত)	১৪.০৭.২০১৮

AlikadamCantonoment” M/S Hasan Brothers						
EinC/73 of 2017-2018 Manufacture and supply of furniture for “Establishment of Cant. Public School and College at AlikadamCantonoment” M/S Wood King	১.৩৫	১,৩৪,৯৭,০০০.০০	১৪.১২.২০১৭	০৮.০১.২০১৮	০৭.০২.২০১৮ ০৬.০৮.২০১৮	০৬.০৮.২০১৮
AGE/BB/43 of 2016-2017 Soil test for construction of Academic Building (4 storey with 4 storeyed foundation) with ancillary worksfor “Establishment of Cant. Public School and College at AlikadamCantonoment” M/S AL-Madina Traders	০.০১	১,০০,০০০.০০	০৯.০৫.২০১৭	২২.০৫.২০১৭	২৩.০৫.২০১৭ ২১.০৬.২০১৭	২১.০৬.২০১৭
AGE/BB/60 of 2017-2018 Supply of computers with accessoriesfor “Establishment of Cant. Public School and College at AlikadamCantonoment” M/S Iqra Enterprise	০.০২	২,০০,০০০.০০	১৩.০৫.২০১৮	২৪.০৫.২০১৮	২৪.০৫.২০১৮ ০২.০৬.২০১৮	০২.০৬.২০১৮
CCA/05 of 2018-2019 Purchase of laboratory instruments and purchase of books for “Establishment of Cant. Public School and College at AlikadamCantonoment” M/S SSAsociates	০.১৪	১৪,০০,০০০.০০	২১.০৯.২০১৮	০৪.১০.২০১৮	০৭.১০.২০১৮ ৩০.০৫.২০১৯	০৬.১০.২০১৯

সূত্র: পিসিআর

১২। অডিট আপত্তি সংক্রান্ত: প্রকল্প অফিস থেকে সরবরাহকৃত তথ্য মতে দেখা যায় প্রকল্পে মোট ৩টি অডিট আপত্তি উত্থাপিত হয় যাতে জড়িত টাকার পরিমাণ যথাক্রমে ১,১২,৩৮৯/- টাকা, ৮,৫৯,৪০৭/- টাকা এবং ৯,৬৪,৫২৫/- টাকা। আপত্তিগুলির বিষয়ে জবাব প্রেরণ করা হয়েছে মর্মে অবহিত করা হয়। কিন্তু আপত্তিগুলির বিষয়ে প্রমাণক হিসেবে অডিট রিপোর্টের কপি উপস্থাপন করতে পারেন নি এবং আপত্তির

প্রেক্ষিতে প্রেরিত জবাবের বিষয়ে কোন ফলো-আপ পাওয়া যায় নি। ফলে অডিত আপত্তি বিষয়ক তথ্যের ঘাটতি থাকায় এ বিষয়ে চুড়ান্ত মতামত প্রদান করা প্রদান করা যাচ্ছে না। বিস্তারিত অডীট আপত্তির তথ্য নিম্নরুপ-

ক্র: নং	আপত্তির বিবরণ	জড়িত অর্থের পরিমাণ	নিষ্পত্তি সংক্রান্ত
১।	কাস্ট-ইন-সিটু পাইলে ১৬ এমএম ডায়া এবং ১০ এমএম রডের ব্যবহারে নকশার অতিরিক্ত মাপের বিল ঠিকাদারকে পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ১,১২,৩৮৯/- (এক লক্ষ এগার হাজার তিনশত উননব্বই) টাকা। চুক্তিপত্র নং ইইনসি/৬১ অব ২০১৬-২০১৭ সিবিআই নং-১২, তারিখ-৩০/০৬/২০১৯, মেসার্স তাহের ব্রাদার্স	১,১২,৩৮৯/-	আপত্তির জবাবে জানানো যাচ্ছে যে, ১৬ এমএম ডায়া বারের Lapping Length নকশা নং-Ec/৯৪০/২০১৭ অনুযায়ী প্রদান করা হয়েছে। Lapping কাজের Outer Spiral bar এর Lapping এর সংখ্যা সঠিকভাবেই প্রদান করা হয়েছে। এমবি নং-৬২৪ পৃষ্ঠা নং-৩ এ Spiral bar এর মোট লম্বা ১৫১.৪১ মিটার মাপ পরিমাপ করা হয়েছে। বাজারে সর্বোচ্চ ১২.০০ মি. লম্বা রড পাওয়া যায়। সে হিসেবে ১৫১.৪১/১২ = ১২.৬২ Nos অর্থাৎ ১৩ টি লেপিং প্রদান করা হয়েছে। এ ক্ষেত্রে অতিরিক্ত কোন পরিমাপ করা হয়নি। অতএব, আপত্তিটি নিষ্পত্তি করার জন্য অনুরোধ করা হলো।
২।	ঠিকাচুক্তির শর্ত মোতাবেক চুক্তির অধিনে বীমা না করায় ৩৪,১০,৩৪৭/- বীমা প্রিমিয়ামের ওপর ভ্যাট বাবদ সরকারের রাজস্ব ক্ষতি ৮,৫৯,৪০৭/- (আট লক্ষ উনষাট হাজার চারশত সাত) টাকা। চুক্তিপত্র নং-ইইনসি/৬১ অব ২০১৬-২০১৭, সিবিআই নং-১২, তারিখ-৩০/০৬/২০১৯, মেসার্স তাহের ব্রাদার্স	৮,৫৯,৪০৭/-	আপত্তির জবাবে জানানো যাচ্ছে যে, চুক্তির অধীনে বীমা করার বিষয়টি সামরিক বাহিনীর কাজে এখনও প্রচলিত না হওয়ায় বীমা করা হয়নি। কাজটি যেহেতু বর্তমানে ১০০% সম্পন্ন হয়েছে সেহেতু এ পর্যায়ে বীমা করার সুযোগ নেই। তাছাড়া উক্ত কাজে কোন প্রকার দূর্ঘটনাও সংঘঠিত হয়নি। ভবিষ্যতে এ ধরনের কাজে পিপিআর অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে। অতএব আপত্তিটি নিষ্পত্তি করার জন্য অনুরোধ করা হলো।
৩।	আরসিসি (১:১.৫:৩) কাষ্ট-ইন-সিটু পাইলিং তৈরীর মূল্য ঘনমিটারে পরিশোধ করা হলেও পাইপক্যাপ ভঙ্গার মূল্য সংখ্যা হিসেবে অস্বাভাবিক উচ্চ দরে পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি ৯,৬৪,৫২৫/- (নয় লক্ষ চৌষট্টি হাজার পাঁচশত পঁচিশ) টাকা। চুক্তিপত্র নং-ইইনসি/৬১ অব ২০১৬-২০১৭, সিবিআই নং-১২ তারিখ ৩০/০৬/২০১৯ খ্রিঃ, মেসার্স তাহের ব্রাদার্স	৯,৬৪,৫২৫/-	নিরীক্ষা মন্তব্যর জবাবে জানানো যাচ্ছে যে, সাধারণ ডেমোলিশন কাজ এবং পাইল হেড ব্রেকিং কাজ একই ধরনের কাজ না হওয়ায় এমইএস সিডিউল অব রেইট এ পাইল হেড ব্রেকিং এর জন্য আলাদা আলাদা আইটেম অন্তর্ভূক্ত করে দর নির্ধারণ করা আছে। যাহার সিডিউল আইটেম ৩-৮৫। চুক্তিপত্রে আলাদা আইটেম হিসেবে দরপ্রদান পূর্বক চুক্তিপত্র সম্পন্ন হয়েছে। চুক্তিপত্রের প্রদত্ত রেইট অনুযায়ী ঠিকাদারের দায় পরিশোধ

ক্র: নং	আপত্তির বিবরণ	জড়িত অর্থের পরিমাণ	নিষ্পত্তি সংক্রান্ত
			করা হয়েছে। এক্ষেত্রে ঠিকাদারকে অতিরিক্ত অর্থ পরিশোধ করা হয়নি। অতএব, আপত্তিটি নিষ্পত্তি করার জন্য অনুরোধ করা হলো।

সূত্র: পিসিআর

১৩। **মূল্যায়ন পদ্ধতি (Methodology):** মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছে:

(ক) মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;

(খ) PEC, Steering Committee, PIC সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;

(গ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;

(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা;

১৪। পরিদর্শনের আলোকে বিশ্লেষণ ও পর্যবেক্ষণ:

- অঙ্গভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন ডিপিপি'র সংস্থান প্রতিপালন: প্রতিপালিত হয়েছে।
- পণ্য, কার্য ও সেবা ক্রয় প্রচলিত আইন/বিধি অনুসরণ: আইন ও বিধি অনুসরণ করা হয়েছে। আর্থিক ব্যবস্থাপনার ক্ষেত্রে ০৩ (তিন)টি অডিট আপত্তি উত্থাপিত হয়েছে। উক্ত তিনটি অডিটের ব্রডশিট জবাব অডিট দপ্তরে প্রেরণ করা হয়েছে মর্মে জানা যায়।
- গুণগতমান (প্রয়োজনে ল্যাব-টেস্টিং-এর ফলাফলের মাধ্যমে যাচাইকৃত):
- সম্পাদিত কাজ: সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে।
- ব্যবহৃত পণ্য/ উপকরণ: ড্রইং ও ডিজাইন মোতাবেক প্রয়োজনীয় মালামাল (ইট, বালু, সিমেন্ট, রড, কংক্রিট, টিনশিট ইত্যাদি)।
- সাইট বই পর্যালোচনা (ভৌত কাজের ক্ষেত্রে): মাপবহি সংরক্ষণ করা হয়েছে।
- বাস্তবায়নকালে উদ্ভুত নতুন ঝুঁকি/ বাস্তবায়ন সমস্যা (যদি থাকে): এটি একটি সমাপ্ত প্রকল্প।

১৫। সার্বিক পর্যবেক্ষণ:

১৫.১ ভূমি উন্নয়ন সম্পর্কিত: পিসিআর পর্যবেক্ষণ করে দেখা যায় যে, ডিপিপি'র ১ম সংশোধনীতে উল্লেখিত ১১, ৩১৩ ঘণমিটার অর্থাৎ সম্পূর্ণ ভূমি উন্নয়নের কাজ সমাপ্ত করা হয়েছে মর্মে দেখা যায় যাতে খরচ করা হয়েছে বরাদ্দকৃত ৯০.৮৫ লক্ষ টাকা। যদিও মাটি ভরাটের পরিমাণ নির্ণয়ের জন্য প্রি-এস্টিমেট করা হয়নি বিধায় মাটির ভরাটের পরবর্তী হিসাব সঠিকভাবে পরিমাপ করা সম্ভবপর হয়নি। তাহাড়া প্রকল্প পরিদর্শন করে দেখা যায় যে, ভূমি উন্নয়নের পুর্ব পরিকল্পনা যথাযথ ছিলো না। কেননা প্রতিষ্ঠানের সামনের বিশাল অংশ (মূল গেইটে প্রবেশের বাম পাশে) এখনো উঁচু-নিঁচু অবস্থায় রয়েছে।

১৫.২ ভৌত স্থাপনাসমূহ নির্মাণ: প্রকল্পের নির্মিত একাডেমিক ভবন (৪ তলা ভিতসহ ৪ তলা ভবন) সরেজমিনে পরিদর্শন করা হয়। ৮০০৪ বর্গমিটার ভবনটি আরডিপিপিতে নির্ধারিত ব্যয় ১৯৭০.৪০ লক্ষ টাকা হলেও ১৯৪৫.৫৭ লক্ষ টাকার মধ্যেই নির্মাণ সম্পন্ন করা হয়েছে। সিমেন্টের মূল্য কম হওয়ার কারণে প্রায় ২৫.০০ লক্ষ টাকা কম ব্যয় হয়েছে। বিদ্যালয় ভবনে বিভিন্ন রুমের পরিমাপ সঠিক পাওয়া যায়। শ্রেণিকক্ষ, ল্যাবরেটরি, ওয়াশরুম, হলরুম, কম্পিউটার ল্যাবসহ সকল রুম ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী সম্পন্ন হয়েছে মর্মে প্রতীয়মান হয়। তবে বিভিন্ন স্থানে বহিঃস্থ ওয়ালের টাইলস খসে পড়েছে মর্মে পরিলক্ষিত হয়। তাছাড়া কিছু কিছু স্থানে ওয়ালে ছোট ছোট ক্র্যাক পরিলক্ষিত হয়। পর্যাপ্ত কিউরিংয়ের অভাবে এটা হয়ে থাকতে

পারে। নির্মাণ কাজে ব্যভৃত বিভিন্ন পণ্য (ইট, বালি, সিমেন্ট, রড, কংক্রিট ইত্যাদি) ব্যবহার করার পূর্বে টেস্ট করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট উপসহকারী প্রকৌশলী জানান। প্রকল্পের অন্যান্য নির্মাণ কাজ যেমন রোড/হার্ডষ্ট্যান্ডিং, ড্রেন নির্মাণ, বাহ্যিক পানি ও বিদ্যুৎ সরবরাহ, স্যুয়েজ ডিসপোজাল ও সেপ্টিক ট্যাঙ্ক ইত্যাদি কাজের মান সন্তোষজনক মর্মে প্রতীয়মান হয়। শিক্ষা প্রতিষ্ঠানটিতে সুরক্ষিত সীমানা প্রাচীর নেই।

১৫.৩ ল্যাবরেটরি যন্ত্রপাতী, বই, আসবাবপত্র, ফায়ার ইক্যুইপমেন্ট: পরিদর্শনকালে দেখা যায় যে, বিভিন্ন ল্যাবরেটরি যন্ত্রপাতীর প্রকার ও পরিমাণ ডিপিপির বর্ণনা মোতাবেক সঠিক রয়েছে। **তবে** সাধারণ এবং গবেষণাগারের আসবাবপত্র বেঁকে যাওয়া ও রঙ উঠে যাওয়া সহ নানবিধ অসামঞ্জস্যতা দেখা যায়।

১২.৪ প্রকল্পের উদ্দেশ্যর অর্জন সম্পর্কিত:

	পরিকল্পিত উদ্দেশ্য		অর্জিত ফলাফল
(ক)	সেনাবাহিনী কর্তৃক মানসম্মত শিক্ষা প্রদান করা।	(ক)	আপাত দৃষ্টিতে সফলতা অর্জন হয়েছে মর্মে প্রতীয়মান হয়। মানসম্মত শিক্ষার কোন সংজ্ঞা কিংবা কোন শিক্ষার সাপেক্ষে মানসম্মত এসকল তথ্য প্রকল্প দলিলের উল্লেখ করা নেই বিধায় উদ্দেশ্য সুনির্দিষ্টভাবে সফল হয়েছে বলার সুযোগ তৈরি হয়নি।
(খ)	সেনা সদস্যদের সন্তান সহ আশে পাশের এলাকার সকল শিক্ষার্থীর শিক্ষার সুযোগ সৃষ্টি করা।	(খ)	উদ্দেশ্য সফল হয়েছে।
(গ)	আলীকদম সেনানিবাস প্রত্যন্ত পাহাড়ি অঞ্চলে অবস্থিত। সেনানিবাস এলাকার কাছাকাছি তেমন উল্লেখযোগ্য কোন শিক্ষা প্রতিষ্ঠান নাই বিধায় আশে পাশের এলাকার প্রায় ১৮০০ জন শিক্ষার্থীর শিক্ষা গ্রহণের সুযোগ সৃষ্টি হবে।	(গ)	কাঙ্খিত উদ্দেশ্য কিছুটা সফল হয়েছে মর্মে প্রতীয়মান হয়। প্রায় ৪ বছর অতিক্রম করলেও বর্তমানে (২০২২ সালে) শিক্ষার্থীর সংখ্যা মাত্র ৩৩১ জন যা কাঙ্খিত শিক্ষার্থীর মাত্র ১৮%।
(ঘ)	বান্দরবান জেলার স্বাক্ষরতার হার বৃদ্ধি।	(ঘ)	বিদ্যালয় এলাকার স্কুলটি এ হার বৃদ্ধিতে যথেষ্ট অবদান রাখবে মর্মে প্রতীয়মান হয়। কেননা বর্তমানে সামরিক-বেসামরিক পরিবারের শিক্ষার্থীর অনুপাত প্রায় ২২:৭৮। তবে যথাযথভাবে মূল্যায়ন করতে হলে এ সম্পর্কিত সুনির্দিষ্ট বেইজলাইন ডাটার প্রয়োজন ছিলো। প্রকল্প দলিলে কেবল বান্দরবান জেলার স্বাক্ষরতার হার দেয়া রয়েছে। ফলে শিক্ষার হার বৃদ্ধি পেলেও আলোচ্য প্রকল্প বাস্তবায়নের ফলেই তা বৃদ্ধি পেয়েছে বা পাচ্ছে সেটা সুনির্দিষ্টভাবে বলা সুযোগ নেই।

১৫.৪.১ পুরোপুরি অর্জিত না হলে এর কারণ: সাধারণভাবে কাঙ্খিত উদ্দেশ্য কিছুটা সফল হয়েছে মর্মে প্রতীয়মান হয়। তবে প্রায় ৪ বছর অতিক্রম করলেও বর্তমানে (২০২২ সালে) শিক্ষার্থীর সংখ্যা মাত্র ৩৩১ জন যা কাঙ্খিত শিক্ষার্থীর মাত্র ১৮%। তবে সামরিক পরিবারের শিক্ষার্থীর তুলনায় বেসামরিক পরিবারের শিক্ষার্থীর সংখ্যা ক্রমাগত বৃদ্ধির (বর্তমানে ২২:৭৮) ফলে বিদ্যালয়টির ভবিষ্যতে আশেপাশের এলাকার শিক্ষার হার বৃদ্ধিতে ভালো ভূমিকা রাখতে পারবে বলে প্রতীয়মান হয়। বিদ্যালয়ের কোন আবাসিক ভবন না থাকায় দূরবর্তী এলাকা থেকে শিক্ষার্থীরা ভর্তি হচ্ছে না মর্মে প্রতীয়মান হয়। ফলে শিক্ষার্থীর সংখ্যা প্রকল্প দলিলে উল্লেখিত কাঙ্ক্ষিত পর্যায়ে নিয়ে আসা যাচ্ছে না। তাছাড়া প্রকল্পের লগ ফ্রেমে মানসম্মত শিক্ষা, শিক্ষার হারের বেইজলাইন ডাটা না থাকায় প্রকল্পের উদ্দেশ্য পুরোপুরি অর্জন হয়েছে কিনা তার পরিমাপ যথাযথভাবে করা সম্ভব হচ্ছে না।

১৫.৫ প্রকল্পের ফলাফল স্থায়িত্বকরণ (Sustainability Plan):

১৫.৫.১ ডিপিপি'র প্রভিশন: প্রতিষ্ঠানের গভর্নিং বডি পর্যাপ্ত শিক্ষক ও স্টাফ নিয়োগের মাধ্যমে প্রতিষ্ঠানটি সচল রাখার চেষ্টা করছে এবং নিজস্ব উদ্যোগে প্রতিষ্ঠানের বিভিন্ন কার্যক্রম সম্পন্ন করছে। অর্থাৎ প্রকল্পটি সমাপ্ত হওয়ার পরে প্রতিষ্ঠানটি আত্মনির্ভরশীল হচ্ছে।

১৫.৫.২ বর্তমান অবস্থা ও সমস্যা: আলোচ্য প্রকল্পের আওতায় নির্মিত আলীকদম ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজের একাডেমিক ভবনে নিয়মিত শিক্ষা কার্যক্রম চালিয়ে যাচ্ছে। তত্ত্বীয় ও ব্যবহারিক শিক্ষার জন্য পৃথক শ্রেণিকক্ষ ছাড়াও লাইব্রেরি, শিক্ষক ও কর্মচারীগণের জন্য কক্ষ, টয়লেটসহ সামনে খোলা মাঠ রয়েছে। ২০১৮ সালে চালু হওয়ার পর থেকে নিয়মিত নার্সারি থেকে শুরু করে একাদশ শ্রেণিতে ভর্তি ও পরীক্ষা চলছে। ২০১৮ সাল থেকে নিয়মিত পিএসসি, জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে যাচ্ছে। তাছাড়া ২০২১ সাল থেকে এসএসসি পরীক্ষায়ও অংশগহণ করছে। শিক্ষক ও শিক্ষার্থীর হাজিরা স্বাভাবিক, ক্লাসের পরিমাণ, শিক্ষার্থীদের সফলতা ইত্যাদি বিবেচনায় প্রতিষ্ঠানটির কার্যকলাপ মোটের উপর সন্তোষজনক প্রতীয়মান হলেও প্রকল্পে বর্ণিত কাঙ্ক্ষিত পরিমান শিক্ষার্থী (২০০০ জন) পরিমাণের সাথে এখনো অনেক ব্যবধান রয়েছে। ২০২২ সালে মোট শিক্ষার্থীর সংখ্যা ৩৩১ জন্য যা ডিপিপিতে উল্লেখিত শিক্ষার্থীর মাত্র ১৮.০০%। বর্তমানে প্রতিষ্ঠানটিতে ০১ জন অধ্যক্ষ এবং ১৯ জন শিক্ষকসহ মোট ৩০ জন লোকবল রয়েছে।

টেবিল ১: শিক্ষার্থী ভর্তির তথ্য (নার্সারি থেকে দ্বাদশ)

শিক্ষার্থীর সংখ্যা	**সন**					**মোট**
	২০১৮	**২০১৯**	**২০২০**	**২০২১**	**২০২২**	
সামরিক পরিবার	২৩	৪০	৪০	৩৫	৭৪	২১২
বেসামরিক পরিবার	১৯৭	২১৫	২১৫	১৬৮	২৫৭	১০৫২
মোট	**২২০**	**২৫৫**	**২৫৫**	**২০৩**	**৩৩১**	**১২৬৪**

টেবিল ২: পাবলিক পরীক্ষার তথ্য (নার্সারি থেকে দ্বাদশ)

পরীক্ষার সন	**পিইসি**	**জেএসসি**	**এসএসসি**	**এইচএসসি**	**মোট পরীক্ষার্থী**	**জিপিএ ৫.০০**	**মোট পাশের হার (%)**
২০১৮	২১	৩৩	-	-	৫৪	১০	১০০%
২০১৯	১৯	৫৫	-	-	৭৪	২১	১০০%
২০২০	২৫	৩৬	-	-	৬১	-	১০০%
২০২১	-	-	৩৯	-	৩৯	০৩	৯৭.৪৪%
মোট	**৬৫**	**১২৪**	**৩৯**	**-**	**২২৮**	**৩৪**	**৯৯.৫৬%**

টেবিল ৩: শিক্ষক ও অন্যান্য জনবল

প্রভাষক	**সহকারী শিক্ষক**	**অফিস সুপার**	**অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর**	**পিয়ন**	**আয়া**	**নিরাপত্তাকর্মী**
০৬	১৩	০১	০২	**০১**	**০৪**	**০২**

বিদ্যালয়ের কোন আবাসিক ভবন না থাকায় দূরবর্তী এলাকা থেকে শিক্ষার্থীরা ভর্তি হচ্ছে না মর্মে প্রতীয়মান হয়। ফলে শিক্ষার্থীর সংখ্যা প্রকল্প দলিলে উল্লেখিত কাঙ্ক্ষিত পর্যায়ে নিয়ে আসা যাচ্ছে না।

১৫.৬ নিজস্ব উদ্যোগে করা কিছু ব্যতিক্রমী উদ্ভাবনী কার্যক্রম:

বিভিন্ন পরিদর্শনের সুপারিশ এবং বাস্তবতা বিবেচনায় প্রতিষ্ঠান তার নিজস্ব আর্থিক ব্যবস্থাপনায় শিশু পার্ক, শেখ রাসেল দেয়ালিকা, বৃক্ষরোপণ কার্যক্রম, সংযোগ সড়ক নির্মাণ, পানির ফিল্টার স্থাপন সম্পন্ন করেছে যা প্রসংশার দাবী রাখে এবং প্রতিষ্ঠানটির কিছুটা সক্ষমতার পরিচয় বহন করে।

শিশু পার্ক		শেখ রাসেল দেয়ালিকা
বৃক্ষরোপণ কার্যক্রম	সংযোগ সড়ক নির্মাণ	পানির ফিল্টার স্থাপন

১৫.৭ অন্যান্য পর্যালোচনা: আইএমইডি ০৪ ফরমেটের বিভিন্ন টেবিলে (অডিট সংক্রান্ত ও ক্রয় সম্পর্কিত) কিছু কিছু কলাম শুন্য রাখা হয়েছে। তাছাড়া পরিদর্শনকালে দায়িত্বরত অফিসারগন তাৎক্ষণিকভাবে এ সংক্রান্ত তথ্য পরিদর্শনকারীর নিকট উপস্থাপন করতে পারেন নি। ফলে মূল্যায়ন প্রতিবেদন তৈরিতে বিলম্ব হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট এসডিই জানান যে, প্রকল্পের এ সংক্রান্ত মূল ফাইল গ্যারিসন ইঞ্জিনিয়ারিং শাখা, বান্দরবানে সংরক্ষিত থাকে। এক্ষেত্রে পরিদর্শনকারীর ট্যুর প্রোগ্রমে উল্লেখ থাকা সত্ত্বেও সংশ্লিষ্ট ফাইলসমূহ পরিদর্শনস্থলে নিয়ে না আসা কাঙ্ক্ষিত নয়। তাছাড়া দাখিলকৃত পিসিআরে প্রকল্প পরিদর্শনের সুনির্দিষ্ট তথ্য নেই। মন্ত্রণালয়/বিভাগ, ইইনসি'র শাখা, আইএমইডি কর্তৃক একাধিকবার পরিদর্শন করা হয়েছে উল্লেখ করা হলেও কর্মকর্তার নাম, পদবি, পরিদর্শনের তারিখ, প্রাপ্ত সমস্যা, সুপারিশসমূহ এবং তৎপ্রেক্ষিতে গৃহীত ব্যবস্থাসমূহ উল্লেখ করা হয়নি।

১৬। প্রকল্প পরিদর্শনের স্থির/ভিডিও চিত্র ও বর্ণনা:

আলীকদম সেনানিবাসে ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক সমাপ্ত প্রকল্পের একাডেমিক ভবন, হলরুম, ক্লাসরুম, গবেষণাগার, কম্পিউটার ল্যাবসহ অন্যান্য স্থাপনা পরিদর্শনের চিত্র	

১৭। মতামত/সুপারিশ

১৭.১ মাটি ভরাট/সাইট ডেভেলপমেন্টের কাজ যথাযথভাবে পরিমাপের লক্ষ্যে পরবর্তী প্রকল্প গ্রহণের ক্ষেত্রে মাটি ভরাটের প্রি-এস্টিমেট করে তার বিস্তারিত বর্ণনা ডিপিপিতে সংযুক্ত থাকা দরকার। পরবর্তীতে প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে আবশ্যিকভাবে তা সংযুক্ত করতে হবে;

১৭.২ শিক্ষা প্রতিষ্ঠানটিতে সুরক্ষিত সীমানা প্রাচীর নির্মাণসহ একাডেমিক ভবনে দৃশ্যমান কিছু ক্র্যাক, টাইলস খসে পরা রোধে, আসবাবপত্র সংস্কার/মেরামতের লক্ষ্যে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ তার নিজস্ব তহবিল থেকে ব্যবস্থা গ্রহণ পারে;

১৭.৩ প্রকল্পের লগফ্রেমে প্রকল্পের এক্টিভিটিসমূহের ডেফিনিশন, বিভিন্ন তথ্য-উপাত্তের বেইজলাইন ডাটা যথাযথভাবে থাকা বাঞ্ছনীয়। পরবর্তী যে কোন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে এ বিষয়সমূহ আবশ্যিকভাবে লক্ষ্য রাখার জন্য বাস্তবায়নকারী সংস্থাকে খেয়াল রাখতে হবে।

১৭.৪ শিক্ষার্থীর সংখ্যা কাঙ্খিত মাত্রায় বৃদ্ধির জন্য নিজ উদ্যোগে শিক্ষা প্রতিষ্ঠানের আবাসিক ভবন নির্মাণ করা যায় কিনা সে বিষয়ে প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে উদ্যোগী হতে হবে। তাছাড়া ভবিষ্যতে এ ধরনের প্রকল্প গ্রহণের পূর্বেই পরিপত্র অনুযায়ী প্রকল্পের সম্ভাবতা সমীক্ষা যাচাই করতে হবে।

১৭.৫ পরবর্তী প্রকল্প সমূহের ক্ষেত্রে আইএমইডি ০৪ ফরমেটের বিভিন্ন টেবিল (অডিট সংক্রান্ত ও ক্রয় সম্পর্কিত) যথাযথভাবে পূরণ করে প্রেরণ করতে হবে। পরিদর্শনকালে প্রকল্পের বাস্তবায়োনের সাথে সম্পর্কিত নথিসমূহ পরিদর্শনস্থলে উপস্থাপন কিংবা নথিসমূহের একটি প্রত্যায়িত ছায়ালিপি প্রকল্প সাইটে সংরক্ষণ করার জন্য নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রণালয়কে অনুরোধ করা হলো;

১৭.৬ অডিট আপত্তি নিষ্পত্তির প্রমাণকসমূহ দ্রুত আইএমইডি'তে প্রেরণ করতে হবে;

১৭.৭ প্রতিষ্ঠানটির উন্নয়ন এবং গুণগত মান ও সার্বিক পরিবেশ উন্নয়নে কর্তৃপক্ষে নিজস্ব উদ্যোগগুলি অব্যাহত রাখা যেতে পারে;

১৭.৮ উল্লিখিত সুপারিশসমূহের উপড় গৃহীত পদক্ষেপ সম্পর্কে বাস্তাবয়নকারী সংস্থা প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক আইএমইডি'কে আগামী ৩১ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে অবহিত করতে হবে।

মিলিটারি ফার্ম আধুনিকায়ন (২য় সংশোধিত) প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৯)

১।	**(ক) প্রকল্প পরিদর্শনকারী কর্মকর্তা**	:	মো: মইনউদ্দিন খন্দকার, উপপরিচালক (সিনিয়র সহকারী সচিব), পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮, আইএমইডি
	(গ) প্রকল্প এলাকা এবং পরিদর্শণকৃত স্থান	:	**প্রকল্প এলাকা:** সাভার, ঢাকা; ঈশ্বরদী, পাবনা; লালমনিরহাট সদর, লালমনিরহাট এবং যশোর সদর, যশোর। **পরিদর্শণকৃত স্থান :** মিলিটারি ফার্ম, সাভার, ঢাকা
২।	**(ক) উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ**	:	প্রতিরক্ষা মন্ত্রণালয়
	(খ) বাস্তবায়নকারী সংস্থা	:	কিউএমজি'র শাখা, আরভিএন্ডএফ পরিদপ্তর ও ইইনসি'র শাখা, পূর্ত অধিদপ্তর, সেনা সদর, ঢাকা সেনানিবাস।
৩।	**প্রকল্পের অর্থায়ন:**	:	সরকারি অনুদান-এডিপি (বার্ষিক উন্নয়ন কর্মসূচি)
৪।	**প্রকল্পের বাস্তবায়ন সময় ও প্রাক্কলিত ব্যয়**	:	জুলাই ২০১৩-জুন ২০১৯ (৬ বছর); প্রাক্কলিত ব্যয়- ১২৮ কোটি ৯৭ লক্ষ
৫।	**প্রকল্প সংক্রান্ত সংক্ষিপ্ত তথ্য**	:	

(ক) প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি:

বিগত ১৯৭৩ সালে মিলিটারি ফার্ম প্রতিষ্ঠার মাধ্যমে বাংলাদেশ সেনাবাহিনীতে RV & FC এর যাত্রা শুরু হয়। বর্তমানে প্রায় ৮০,০০০ সেনাসদস্য ও ৪২,০০০ প্রতিরক্ষা বাহিনীর পরিবারের মধ্যে দুগ্ধ সরবরাহ করা হচ্ছে। অধিকন্তু সামরিক হাসপাতালসমূহে বাটার ও বাংলাদেশ সেনাবাহিনীর বিভিন্ন পদবির ব্যক্তিবর্গের মধ্যে ঘি সরবরাহ করা হচ্ছে। গত তিন দশকে RV & FC কোরের কর্ম্পরিধি বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। তথাপি কোরের উদ্দেশ্য বিশেষ করে সশস্ত্র বাহিনীর সদস্যদের মধ্যে স্বাস্থ্যসম্মত পাস্তুরিত দুগ্ধ ও দুগ্ধজাত দ্রব্যাদি উৎপাদন ও সরবরাহের কার্যক্রম পুরোপুরি বাস্তবায়ন করা সম্ভব হয়নি।

বর্তমান প্রায়োগিক যুগে দুগ্ধ খামারের আধুনিকায়ন খুবই জরুরী। RV & FC কোরের বরাদ্দকৃত সীমিত বাজেট হতে দুগ্ধ খামারের আধুনিক যন্ত্রপাতি ক্রয় করা সম্ভব নয়। কেন্দ্রীয় দুগ্ধ এবং গবাদি প্রজনন কেন্দ্র ও বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান, সাভার-এর সহায়তায় মিলিটারি ফার্মসমূহে উন্নত জাতের গাভী সংযোজনের মাধ্যমে বৈজ্ঞানিক ও আধুনিক পদ্ধতিতে গবাদিপ্রাণির ব্যবস্থাপনা ও দুগ্ধ উৎপাদনে বিশেষ ভূমিকা পালন করবে। উল্লেখ্য যে, বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চল হতে ভেজালমুক্ত দুগ্ধ সংগ্রহ করে বাংলাদেশ সেনাবাহিনীতে দুগ্ধ সরবরাহ করা হলে ব্যয় বৃদ্ধি পাবে যা মিলিটারি ফার্মসমূহের জন্য লাভজনক হবে না। এ প্রেক্ষাপটে মিলিটারি ফার্ম আধুনিকায়ন প্রকল্পটি বাস্তবায়নের জন্য গ্রহণ করা হয়।

(খ) প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্য: সকল মিলিটারি ফার্মসমূহের তাঁজা তরল দুধের উৎপাদন দৈনিক ৩২,০০০ লিটারে উন্নীত করা।

(ঘ) প্রকল্প এলাকা: সাভার, ঢাকা; ঈশ্বরদী, পাবনা; লালমনিরহাট সদর, লালমনিরহাট এবং যশোর সদর, যশোর।

(গ) প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

- প্রকল্পের আওতায় ৪টি মিলিটারি খামারে ৯০০টি দুধেল গাভী ও বকনা ক্রয়;
- গাভী ও বকনার খাদ্য ক্রয়;
- ডেইরি প্লান্ট স্থাপন;
- ডেইরি প্লান্ট ভবন, ক্যাটেল শেড, ড্রেন, রাস্তা, গো-খাদ্য স্টোর, গভীর নলকূপ ও জমিতে আন্ডারগ্রাউন্ড সেচ ড্রেন নির্মাণ;
- ট্রাক্টর, মিল্ক বাউজার, রেফ্রিজারেটেড মিল্ক ভ্যান/ট্রাক, মোলাসেস বাউজার ও ল্যাব. ইক্যুইমেন্ট ক্রয়;
- ওয়েইং ব্রিজ, মিল্কিং পার্লার মেশিনারিজ এবং ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট ক্রয়পূর্বক স্থাপন;
- স্যুয়ারেজ ট্যাংকার ভ্যান, ফরেজ হারভেস্টার, এসকেভেটর/ব্যাকহো লোডার এবং মেডিক্যাল ইক্যুইপমেন্ট ক্রয় এবং
- মিল্ক পার্লার শেড নির্মাণ।

(ঘ) প্রকল্পের ব্যয় ও মেয়াদ সংশোধন সংক্রান্ত তথ্য:

(লক্ষ টাকা)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়নকাল	পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি	প্র:সা:	অন্যান্য		ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৮৩৬৪.১২	৮৩৬৪.১২	-	-	০১ জুলাই ২০১৩ হতে ৩০ জুন ২০১৬	-	-
১ম সংশোধিত	১১৩৬৪.০০	১১৩৬৪.০০	-	-	০১ জুলাই ২০১৩ হতে ৩০ জুন ২০১৮	(+) ৩৫.৮৭%	(+) ৬৬.৬৭%
২য় সংশোধিত	১২৮৯৭.০০	১২৮৯৭.০০	-	-	০১ জুলাই ২০১৩ হতে ৩০ জুন ২০১১৯	(+) ৫৪.১৯%	(+) ১০০.০০%

(ঙ) প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

					হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
০১	বিএ-২৪৯৩ কর্নেল মো: সাইফুল্লাহ আনসারী	RV & FC কর্নেল	০১ ডিসেম্বর ২০১৩-০৩ মে ২০১৪	অতিরিক্ত	না	-
০২	বিএ-২৪৯৩ ব্রিগেডিয়ার জেনারেল মো: সাইফুল্লাহ আনসারী	RV & FC ব্রিগেডিয়ার জেনারেল	০৪ মে ২০১৪-৩১ ডিসেম্বর ২০১৭	অতিরিক্ত	না	
০৩	বিএ-৩৩১১ ব্রিগেডিয়ার জেনারেল বিএম আব্দুল হান্নান	RV & FC ব্রিগেডিয়ার জেনারেল	০১ জানুয়ারি ২০১৮-১১ জুলাই ২০১৮	অতিরিক্ত	না	
০৪	বিএ-৩৪৭৫ কর্নেল নাজির আহমেদ	RV & FC কর্নেল	১২ জুলাই ২০১৮-২৬ ফেব্রুয়ারি ২০১৯	অতিরিক্ত	না	
০৫	বিএ-৪৪০৯ কর্নেল একেএম গোলাম মোস্তফা	RV & FC কর্নেল	০৪ মার্চ ২০১৯-৩০ জুন ২০১৯	অতিরিক্ত	না	-

প্রকল্পের বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি

৬। **অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি:**

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	অনুমোদিত ডিপিপি অনুযায়ী অংগের নাম	একক	সংশোধিত (২য়) ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা				প্রকৃত অগ্রগতি			
			বাস্তব	আর্থিক			বাস্তব	আর্থিক		
				জিওবি	সংস্থা	মোট		জিওবি	সংস্থা	মোট
১	৪৭৯৪ (৩১১১৩১২) সেল ফোন বিল	মাস	৭২	০.৯	০	০.৯	৭২	০.৬৭৭৫৮	০	০.৬৭৭৫৮
২	৪৮১৬ (৩২১১১২০) টেলিফোন বিল	মাস	৭২	১.৬	০	১.৬	৭২	১.৩৩৩৬২	০	১.৩৩৩৬২
৩	৪৮২৩ (৩২৪৩১০১) জ্বালানী	থোক	থোক	২৫.৬	০	২৫.৬	থোক	২৫.৬	০	২৫.৬
৪	৪৮২৪ (৩২২১১০৮) বীমা/ব্যাংক চার্জ	থোক	থোক	৩৭.৫	০	৩৭.৫	থোক	৩২.২২৯২৩	০	৩২.২২৯২৩
৫	৪৮২৬ (৩২২১১১০) কমিশন/সুদ	থোক	থোক	২৫	০	২৫		০	০	০
৬	৪৮২৭ (৩২৫৫১০৪) মুদ্রণ ও প্রকাশনা	থোক	থোক	৩	০	৩		০	০	০
৭	৪৮২৮ (৩২৫৫১০৪) ষ্টেশনারী	থোক	থোক	২০	০	২০	থোক	১৯.৪৪৭	০	১৯.৪৪৭
৮	৪৮৩৩ (৩২১১১২৫) বিজ্ঞাপন	থোক	থোক	২৫	০	২৫	থোক	২২.০১৩৩৬	০	২২.০১৩৩৬
৯	৪৮৪০ (৩২৩১২০১) ট্রেনিং এন্ড সাব-টেকনিক্যাল	জন	২৬০	৬.৭৬	০	৬.৭৬	২৬০	৫.৯৮	০	৫.৯৮
১০	৪৮৫১ (৩২১১১০৯) অনিয়মিত শ্রমিক	জন-মাস	২৪০০ জন/৩৬মাস	৩৬৩.৩৭	০	৩৬৩.৩৭	২৪০০ জন/৩৬মাস	৩৬২.৭১৬	০	৩৬২.৭১৬
১১	৪৮৬৪ (৩২৫১১০৬) প্রাণি খাদ্য ক্রয়	থোক	থোক	৭৯২.৫৪	০	৭৯২.৫৪	২৮৯৫.৬ মে.টন	৭৯২.৫৩৯৫	০	৭৯২.৫৩৯৫
১২	৪৮৬৭ (৩২৫১১০১) প্রাণি ক্রয়	সংখ্যা (টি)	৯০০	২১৬০	০	২১৬০	৮৪৫	১৯৬৩.২৫৬৮৭	০	১৯৬৩.২৫৬৮৭
১৩	৪৮৬৮ (৩২৫২১০৫) মেডিক্যাল ইক্যুইপমেন্ট	থোক	থোক	৪৪	০	৪৪	থোক	৪৪.০০৪	০	৪৪.০০৪
১৪	৪৮৮৩ (৩১১১৩৩২) সম্মানী ভাতা	থোক	থোক	১৬	০	১৬	থোক	১৩.৭৪৯৪	০	১৩.৭৪৯৪
১৫	৪৮৮৩ (৩১১১৩৩২) মধ্যবর্তী মূলায়ন	থোক	থোক	৬	০	৬	থোক	৫.৮৬	০	৫.৮৬
১৬	৪৮৮৫ (৩২২১১০৫) সয়েল টেস্ট/টেষ্টিং ফি	থোক	থোক	৪.৯৪	০	৪.৯৪	থোক	৪.৯৩৫	০	৪.৯৩৫
	৪৮৯৯ (৩২৫৬১০১) বিবিধ খরচ	থোক	থোক	১০	০	১০	থোক	২.০০৫	০	২.০০৫
১৭	৪৮৯৯ (৩২৫৬১০১) ল্যাবরেটরি ইক্যুইপমেন্ট	থোক	থোক	৩.৪৪	০	৩.৪৪	থোক	৩.৪৪	০	৩.৪৪
			উপ-মোট (রাজস্ব ব্যয়):	**৩৫৪৫.৬৫**	**০**	**৩৫৪৫.৬৫**		**৩২৯৯.৭৮৬৬**	**০**	**৩২৯৯.৭৮৬৬**
১৯	৬৮০৭ (৪১১২১০১) মিল্ক ট্রান্সপোর্টার/বাউজার	সংখ্যা (টি)	৪	১৫৪	০	১৫৪	৪	১৫৪	০	১৫৪
২০	৬৮০৭ (৪১১২১০১) মোলাসেস বাউজার	সংখ্যা (টি)	২	১২০	০	১২০	২	১২০	০	১২০
২১	৬৮০৭ (৪১১২১০১) ট্রাক্টর (এক্সেসরিজসহ)	সংখ্যা (টি)	২২	৪০০	০	৪০০	২২	৩৯৬	০	৩৯৬

২২	৬৮০৭ (৪১১২১০১) স্যুয়ারেজ ট্যাংকার ভ্যান	সংখ্যা (টি)	৪	২৪০	০	২৪০	৪	২৩৯.৭	০	২৩৯.৭
২৩	৬৮০৭ (৪১১২১০১) ফরেজ হার্ভেস্টার	সংখ্যা (টি)	৪	১৮০	০	১৮০	৪	১৮০	০	১৮০
২৪	৬৮০৭ (৪১১২১০১) ব্যাকহো লোডার/এসকাভেটর	সংখ্যা (টি)	৪	১৫১.২	০	১৫১.২	৪	১৫১.২	০	১৫১.২
২৫	৬৮০৭ (৪১১২১০১) রেফ্রিজেরেটেড মিল্কভ্যান	সংখ্যা (টি)	৪	২৮০	০	২৮০	৪	২৮০	০	২৮০
২৬	৬৮১৩ (৪১১২০০৫) ফ্রিজার রুম	সংখ্যা (টি)	৩	১৩৬,০৫	০	০	৩	১৩৬.০৫	০	১৩৬.০৫
২৭	৬৮১৩ (৪১১২০০৫) ডেইরি প্ল্যান্ট (১০,০০০ লি. ক্ষমতাসম্পন্ন)	সংখ্যা (টি)	১	১৩৫০	০	১৩৫০	১	১৩৪৩.৭৮০৬২	০	১৩৪৩.৭৮০৬২
২৮	৬৮১৩ (৪১১২০০৫) মিল্কিং পার্লার যন্ত্রপাতী	সংখ্যা (টি)	৪	৮৫০	০	৮৫০	৪	৮৩৯.৫৮৪৮	০	৮৩৯.৫৮৪৮
২৯	৬৮১৩ (৪১১২০০৫) ওয়েইং ব্রিজ	সংখ্যা (টি)	৪	৭৬	০	৭৬	৪	৭৬	০	৭৬
৩০	৬৮১৩ (৪১১২০০৫) ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট	সংখ্যা (টি)	১	৯৯.৯	০	৯৯.৯	১	৯৯.৯	০	৯৯.৯
৩১	৭০০১ (৪১১১২০১) ভূমি উন্নয়ন	থোক	থোক	৮.২৩	০	৮.২৩	থোক	৮.২৩	০	৮.২৩
৩২	৭০১৬ (৪১১১২০১) অন্যান্য ভবন ও নির্মাণ	থোক	থোক	৩৯১৬.০৮	০	৩৯১৬.০৮	থোক	৩৮৩০.৭৫৬	০	৩৮৩০.৭৫৬
৩৩	৭০২১ (৪১১১৩০২) রাস্তা নির্মাণ	থোক	থোক	৩১০.৮৩	০	৩১০.৮৩	থোক	৩১০.৮৩	০	৩১০.৮৩
৩৪	৭০৪১ (৪১১১৩০৭) ড্রেন (সার্ফেস এন্ড আন্ডারগ্রাউন্ড)	থোক	থোক	২০০.৩৮	০	২০০.৩৮	থোক	২০০.৩৮	০	২০০.৩৮
৩৫	৭০৪৬(৪১১১৩০৯) বহিঃস্থ পানি সরবরাহ	থোক	থোক	৩৮১.৯৬	০	৩৮১.৯৬	থোক	৩৮১.৭৯৪	০	৩৮১.৭৯৪
৩৬	৭০৫৬(৪১১২৩০৩) বহিঃস্থ বিদ্যুৎ সরবরাহ	থোক	থোক	২১৬.১৭	০	২১৬.১৭	থোক	২১৬.১৭	০	২১৬.১৭
৩৭	৭৯০১ (৩৮২১১০৪) কাস্টমস/ভ্যাট	থোক		২০০	০	২০০		০	০	০
			উপ-মোট (মুলধন ব্যয়):	**৯২৭০.৮১**	**০**	**৯২৭০.৮১**		**৮৯৬৪.৩৭৫৪**	**০**	**৮৯৬৪.৩৭৫৪**
	(গ) প্রাইস কনটিনজেন্সি			৩৫	০	৩৫		০	০	০
	(ঘ) ফিজিক্যাল কনটিনজেন্সি			৪৫.৫৪	০	৪৫.৫৪		০	০	০
			সর্বমোট (ক+খ+গ+ঘ):	**১২৮৯৭.০০**	**০.০০**	**১২৮৯৭.০০**	**০.০০**	**১২২৬৪.১৬**	**০.০০**	**১২২৬৪.১৬**

তথ্যসূত্র: পিসিআর

৭। বছরভিত্তিক আরডিপিপি'র সংস্থানের বিপরীতে সংশোধিত এডিপি বরাদ্দ ও অর্থ ব্যয় সংক্রান্ত তথ্যাদি:

(লক্ষ টাকায়)

অর্থবছর	সংশোধিত (২য়) ডিপিপি অনুযায়ী আর্থিক সংস্থান (জিওবি অর্থ)			সংশোধিত এডিপি বরাদ্দ			ব্যয়		
	মোট	টাকা	প্রত্যাশী সংস্থার অর্থ	মোট	টাকা	প্রত্যাশী সংস্থার অর্থ	মোট	টাকা	প্রত্যাশী সংস্থার অর্থ
১	২	৩	৪	৫	৬	৭	৯	১০	১১
২০১৩-১৪	৯৯.৯৭	৯৯.৯৭	০.০০	১০০.০০	১০০.০০	০.০০	৯৯.৯৭	৯৯.৯৭	০.০০
২০১৪-১৫	৩৪৯৩.২০	৩৪৯৩.২০	০.০০	৩৫০০.০০	৩৫০০.০০	০.০০	৩৪৯৩.২৫	৩৪৯৩.২৫	০.০০
২০১৫-১৬	১৩৮১.০৮	১৩৮১.০৮	০.০০	১৩৮১.০০	১৩৮১.০০	০.০০	১৩৮১.০০	১৩৮১.০০	০.০০
২০১৬-২০১৭	৩০৮৩.৪১	৩০৮৩.৪১	০.০০	৩০৯৫.০০	৩০৯৫.০০	০.০০	৩০৮৩.৪৩	৩০৮৩.৪৩	০.০০
২০১৭-২০১৮	১৭৫৪.৬১	১৭৫৪.৬১	০.০০	১৮৫৫.০০	১৮৫৫.০০	০.০০	১৭৫৪.৬১	১৭৫৪.৬১	০.০০
২০১৮-২০১৯	৩০৮৪.৭৩	৩০৮৪.৭৩	০.০০	২৮০৪.০০	২৮০৪.০০	০.০০	২৪৫১.৯০	২৪৫১.৯০	০.০০
মোট:	**১২৮৯৭.০০**	**১২৮৯৭.০০**	**০.০০**	**১২৭৩৫.০০**	**১২৭৩৫.০০**	**০.০০**	**১২২৬৪.১৬**	**১২২৬৪.১৬**	**০.০০**

তথ্যসূত্র: পিসিআর

৮। প্রকল্পর সংশোধন/ব্যয়/মেয়াদ বৃদ্ধির প্রেক্ষাপট: আলোচ্য প্রকল্পটি মোট ৮৩৬৪.১২ লক্ষ টাকা ব্যয়ে জুলাই ২০১৩ থেকে জুন ২০১৬ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটি ১ম সংশোধনীর মাধ্যমে জুলাই ২০১৩ থেকে জুন ২০১৮ মেয়াদে (৩৫.৮৭% বৃদ্ধি) প্রাক্কলন মোট ১১৩৬৪.০০ লক্ষ (৬৬.৬৭% বৃদ্ধি) টাকা নির্ধারণ করা হয়। পরবর্তীতে ৩০ আগস্ট ২০১৮ তারিখে প্রকল্পটি ২য় সংশোধনীর মাধ্যমে জুলাই ২০১৩ থেকে জুন ২০১৯ মেয়াদে (৫৪.১৯% বৃদ্ধি) প্রাক্কলন মোট ১১৩৬৪.০০ লক্ষ (১০০.০০% বৃদ্ধি) টাকা অনুমোদন করা হয়।

প্রকল্পর সংশোধনের যৌক্তিকতাসমূহ:

- ডিপিপিতে ফরেন এক্সচেঞ্জ অন্তর্ভুক্তকরণের প্রভিশন রাখা হয়নি। কিন্তু ৭ কোটি টাকার মিল্কিং পার্লার মেশিনারিজ এবং ১৮ কোটি টাকার ডেইরি প্লান্ট মেশিনারিজ ক্রয়ের জন্যে ডিপিপি সংশোধন করে মোট ২৫ কোটি টাকার ফরেন এক্সচেঞ্জের সংস্থান রাখার জন্য প্রকল্প সংশোধন করতে হয়েছে।
- ডিপিপি'তে নতুন ৩ টি মেটারনিটি শেড, মিল্ক পার্লার শেড এবং অতিরিক্ত ২ টি গরুর শেড, ১ টি গো-খাদ্য গুদাম নির্মানের সংস্থান রাখতে প্রকল্প সংশোধন করতে হয়েছে।
- মিলিটারি ফার্মসমূহকে আধুনিকায়নের লক্ষ্যে ডিপিপি'তে নতুন যন্ত্রপাতী যেমন হারভেস্টার, এক্সকেভেটর, স্যুয়ারেজ ট্যাংকার ভ্যান, মিল্ক ট্রান্সপোর্টার, ওয়ে ব্রিজ ইত্যাদি যুক্ত করা হয়েছে। মূলত ফার্মের ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে যান্ত্রিক ম্যানেজমেন্টের লক্ষ্যেই উপর্যুক্ত যন্ত্রপাতীসমূহ যুক্ত করার প্রয়োজন পড়েছিলো।
- ওভারহেড ইলেকট্রিক লাইনের প্রয়োজন দেখা দিয়েছিলো। তাছাড়া মার্কেটে ইলেকট্রিক সাপ্লাই কস্ট এবং অতিরিক্ত আভ্যন্তরীন রাস্তার পরিমান বেড়ে যাওয়ায় প্রকল্প সংশোধন করতে হয়েছে।
- সাব-টেকনিক্যাল স্টাফদের প্রশিক্ষণ (প্রাণির পুষ্টি, প্রজনন ব্যবস্থাপনা, প্রাথমিক চিকিৎসা, খামার ব্যবস্থাপনা ইত্যাদি) কার্যক্রম অন্তর্ভুক্ত করায় প্রকল্প সংশোধন করতে হয়েছে।
- ডেইরি প্লান্ট স্থাপনের লক্ষ্যে যে পরিমান অর্থ বরাদ্দ রাখা হয়েছিলো তা দ্বারা টেন্ডার আহ্বান করে উপযুক্ত টেন্ডারার পাওয়া যায়নি। ডেইরি প্লান্ট স্থাপন করার লক্ষ্যে প্রকল্প সংশোধন করতে হয়েছে।
- নির্মাণ সামগ্রির দাম মিলিটারি ইনগজিনিয়ারিং সার্ভিস (এমইএস)-২০১২ এর রেট শিডিউলের চেয়ে বেড়ে যাওয়ায় প্রকল্প সংশোধন করতে হয়েছে।

প্রকল্পের উদ্দেশ্য অনুযায়ী ডিপিপি প্রণয়ন করা হয়নি মর্মে প্রতীয়মান হয়। কেননা একটি আধুনিক ফার্মের জন্য যে সকল অবকাঠামো, ল্যাবরেটরি, মেশিনারিজ দরকার তা খুব সহজেই জানা যায়। প্রকল্পের ডিপিপি প্রণয়নের সময় মনোযগী হলে প্রকল্পটির সংশোধনী কিংবা মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হতো না মর্মে প্রতীয়মান হয়।

৯। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: প্রকল্পের কোন কাজ অসমাপ্ত নেই।

১০. স্টিয়ারিং/পিআইসি/পিএমসি/এডিপি রিভিউ সভা সংক্রান্ত:

সভার নাম	প্রকল্প বাস্তবায়নকাল পর্যন্ত মোট লক্ষ্যমাত্রা		প্রকৃত অর্জন
	পরিপত্র অনুযায়ী	ডিপিপি অনুযায়ী	
প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা (PIC)	২৪ টি	২৪ টি	১৫ টি
প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা (PSC)	২৪ টি	২৪ টি	১৫ টি
এডিপি রিভিউ সভা (ADP)	৭২ টি	৭২ টি	৭২ টি

১১। মূল্যায়ন পদ্ধতি (Methodology): মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসরণ করা হয়েছে:

(ক) মনিটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;

(খ) PEC, Steering Committee, PIC সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা;

(গ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;

(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন;

(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা;

১২। পরিদর্শনের আলোকে বিশ্লেষণ ও পর্যবেক্ষণ:

- অঙ্গভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন ডিপিপি'র সংস্থান প্রতিপালন: প্রতিপালিত হয়েছে।
- গুণগতমান (প্রয়োজনে ল্যাব-টেস্টিং-এর ফলাফলের মাধ্যমে যাচাইকৃত)।
- সম্পাদিত কাজ: সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে।
- ব্যবহৃত পণ্য/ উপকরণ: ড্রইং ও ডিজাইন মোতাবেক প্রয়োজনীয় মালামাল (ইট, বালু, সিমেন্ট, রড, কংক্রিট, টিনশিট ইত্যাদি)।
- সাভার মিলিটারি ফার্ম:
  - প্রকল্পের আওতায় ক্রয়কৃত মোট ৮৪৫ টি গরুর মধ্যে ২২১ টি গরু (১৯৩ টি গাভী এবং ২৭ টি বকনা) সরবরাহ করা হয়েছে
  - মোট ৭ টি ক্যাটল শেড (কাউ শেড-৪ টি, হেইফার শেড-১টি , কাফ শেড-১টি, মেটারনিট শেড-১টি), ১ টি মিল্কিং পার্লার শেড এবং ১ টি ফিড স্টোর নির্মাণ করা হয়েছে।
  - ১০ টি ট্রাক্টরের মধ্যে ৩ টি সাভারে সরবরাহ করা হয়েছে
  - ০১ টি মিল্ক বাউজার , ০১ টি মোলাসেস বাউজার, ০৬ টি ট্রাক্টর, ০১ টি স্যুয়ারেজ ট্যাংকার ভ্যান, ০১ টি ফরেজ হারভেস্টার, ০১ টি ব্যাকহো লোডার, ০১ টি রেফ্রিজারেটেড মিল্কভ্যান, ০১ টি ফ্রিজার রুম, ০১ টি মিল্ক পার্লার মেশিনারিজ, ০১ টি ওয়ে ব্রিজ ক্রয় করা হয়েছে।
  - দৈনিক ৭,৫৫০ লিটার দুধ উৎপদনপূর্বক ১৫,১০০ টি প্যাকেটে (৫০০ মি.লি. প্যাকেট) প্যাকেটজাত করা হয়
  - দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ, পাস্তুরাইজেশন এবং প্যাকেজিং কার্যক্রম পরিদর্শন করা হয় এবং আধুনিক পদ্ধতিতে স্বাস্থ্যসম্মত উপায়ে অত্যানুকূল তাপমাত্রার দুধ প্যাকেটজাত করা হয় মর্মে পরিলক্ষিত হয়।
- বাস্তবায়নকালে উদ্ভুত নতুন ঝুঁকি/ বাস্তবায়ন সমস্যা (যদি থাকে): এটি একটি সমাপ্ত প্রকল্প।

১৩। প্রকল্পের প্রধান প্রধান ক্রয় (পণ্য, কার্য ও সেবা) সংক্রান্ত তথ্য: পরিদর্শনকালে উপস্থাপিত ডকুমেন্টস পর্যালোচনায় প্রকল্পের ক্রয় কার্যক্রমের সঠিক চিত্র পাওয়া যায়নি। সংশ্লিষ্ট কর্মকর্তা জানান প্রকল্পটি সমাপ্ত হওয়ার দীর্ঘ সময় অতিবাহিত হওয়ায় প্রকল্পকালীন কোন কর্মকর্তা বর্তমানে এখানে নেই। তাছাড়া প্রকল্প অফিস (হেডকোয়ার্টারে) কিছু ডকুমেন্ট পাওয়া যেতে পারে। ফলে প্রকল্পের ক্রয় সংক্রান্ত সার্বিক কার্যক্রম সম্পর্কে সঠিক ধারনা পাওয়া যায়নি। পিসিআরে বর্ণিত তথ্য অনুযায়ী প্রকল্পের প্রধান প্রধান ক্রয়সমূহ নিম্নরুপ-

ক্রয়ের বর্ণনা (পন্য/কার্য/সেবা) BID অনুসারে ঠিকাদারী প্রতিষ্ঠান	টেন্ডার/ BID/প্রস্তাব মূল্য (কোটি টাকায়)		টেন্ডার/ BID/প্রস্তাব		কার্য/সেবা সমাপ্তির এবং পন্য সরবরাহের তারিখ	
	ডিপিপি অনুযায়ী	চুক্তিমূল্য (মূল/সংশোধিত)	দরপত্র আহ্বানের তারিখ	চুক্তি স্বাক্ষর/এলসি উম্মুক্তকরণ তারিখ	চুক্তি অনুযায়ী	বাস্তব
১	২	৩	৪	৫	৬	৭
Purchase of 1200 M. Ton Cattle Feed	৩.১৫৩৮	৩.১৫৩৮	০৭.০২.২০১৫	০১.০৪.২০১৫	১৫.০৬.২০১৫	১৫.০৬.২০১৫
Purchase of 01 set Dairy Plant (10,00 Litre Capacity)	১৩.৫০	১৩.৪৩৭৮	০৩.০৯.২০১৬	০৮.০২.২০১৭	০৬.১০.২০১৭	১৩.০২.২০১৮
Purchase of 02 set Milking Parlour Machineries	৩.৬০	৩.৬০	১৩.০২.২০১৭	১১.০৫.২০১৭	০৬.০১.২০১৮	০৩.০৪.২০১৮
Purchase of 04 Nos. Refrigerated Milk Van	২.৮০	২.৮০	২৬.০৯.২০১৭	১৯.১১.২০১৭	১৯.০৩.২০১৮	১৫.০৫.২০১৮
Purchase of 02 set Milking Parlour Machineries	৪.৯০	৪.৭৯২৮	১০.০৮.২০১৮	২২.১১.২০১৮	২১.০৫.২০১৯	১০.০৪.২০১৯
Construction of 2 X Cattle Shed (1 X Heifer Shed, 1 X Calf Shed) & 1 X Feed Store incl. ancillary works for Savar Military Farm.	১২.৫৯৯৮	২.৬৮৯৯৪	১৫.০১.২০১৪	২০.০২.২০১৪	১৩.০৩.২০১৪	১৩.০৩.২০১৪
Construction of 2 X Cattle Shed (Cow Shed) incl. ancillary works for Savar Military Farm.	১২.৫৯৯৮	২.৯৩৩৫	১৫.০১.২০১৪	২০.০২.২০১৪	১৩.০৩.২০১৪	১৩.০৩.২০১৪
Construction of 2 X Cattle Shed (Cow Shed) incl. ancillary works for Ishwardi Military Farm.	৯.৪৬৮৩	২.৮৪৩১৫	০৬.০৪.২০১৪	২৬.০৪.২০১৪	২০.১১.২০১৬	২০.১১.২০১৬
Construction of 2 X Cattle Shed (1 X Heifer Shed & 1 X Calf Shed) incl. ancillary works for Ishwardi Military Farm.	৯.৪৬৮৩	২.৬৩৫৮৩	১৩.০৪.২০১৪	২৭.০৪.২০১৪	২০.১১.২০১৬	২০.১১.২০১৬
Construction of 2 X Cattle Shed (Cow Shed) incl. ancillary works for Lalmonirhat Military Farm.	৭.৩২৮৯	২.৬৯৩২	২৬.০১.২০১৪	০৭.০৪.২০১৪	২২.০২.২০১৭	২২.০২.২০১৭
Construction of 2 X Cattle Shed (1 X Cow Shed & 1 X Heifer Shed) incl. ancillary works for Lalmonirhat Military Farm.	৭.৩২৮৯	২.৫১৪৮	২৬.০১.২০১৪	০৯.০৪.২০১৪	২৮.০৯.২০১৬	২৮.০৯.২০১৬
Construction of 3 X Cattle Shed (1 X Cow Shed , 1 X Heifer Shed & 1 X Calf Shed) incl. ancillary works for Jashore Military Farm.	৪.১১৮৫৭	৩.৪৮৫১৬	১৫.০১.২০১৪	১৯.০৩.২০১৪	৩০.০৬.২০১৬	৩০.০৬.২০১৬
Construction of Dairy Plant Building incl. . ancillary works for Jashore Military Farm.	২.৮৫৩৫	২.৮২৮০৬	২২.০৫.২০১৪	১৪.০৭.২০১৪	০২.১২.২০১৬	০২.১২.২০১৬

সূত্র: পিসিআর

১৪। প্রকল্পের দাপ্তরিক মনিটরিং সংক্রান্ত পর্যালোচনা: পরিদর্শনকালে দেখা যায় সংশ্লিষ্ট মন্ত্রনালয় ও সংস্থা, পরিকল্পনা কমিশনের কর্মকর্তাবৃন্দ এবং আইএমইডির কর্মকর্তাগণ প্রকল্প বাস্তবায়নের বিভিন্ন পর্যায়ে প্রকল্পটি পরিদর্শন করেন। এর মধ্যে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী প্রধান ১৩.১২.২০১৫, ২৭.০৩.২০১৬, ০৬.০৯.২০১৬ তারিখে, আইএমইডির সহকারী পরিচালক এবং মহাপরিচালক যথাক্রমে ১৪.০৩.২০১৬ এবং ২৩.১০.২০১৭ তারিখে প্রকল্পটি সরেজমিনে মনিটরিং/পরিদর্শন করেন। মনিটরিং প্রতিবেদনের সুপারিশগুলি বাস্তবায়িত হয়েছে মর্মে দেখা যায়।

১৫। অডিট আপত্তি সংক্রান্ত: প্রকল্পটির অডিট আপত্তির বিষয়ে উপস্থিত কর্মকর্তাগণ কিছু অবগত করতে পারেন নি। পরিদর্শনস্থলে অডিট সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি। কর্মকর্তাগণ জানান এ সংক্রান্ত সকল কাগজপত্র প্রকল্প অফিসে (হেডকোয়ার্টারে) রক্ষিত রয়েছে। হেডোকোয়ার্টারের প্রকল্প অফিস পরিদর্শন করা সম্ভব হয়নি বিধায় অডিট সম্পর্কে বিস্তারিত জানা যায় নি।

১৬। প্রকল্পের উদ্দেশ্যর অর্জন সম্পর্কিত:

	পরিকল্পিত উদ্দেশ্য	অর্জিত ফলাফল (পিসিআর মোতাবেক)	ফলাফল বিশ্লেষণ
(ক)	তাঁজা তরল দুধের উৎপাদন বৃদ্ধি করা এবং তরল দুগ্ধ, ঘি, ক্রীম, বাটার ইত্যাদি দুগ্ধজাত দ্রব্যাদি সেনাবাহিনী ও প্রতিরক্ষা খাত হতে বেতনভুক্ত কর্মকর্তা-কর্মচারিদের মাঝে বিতরণ করা।	তাঁজা তরল দুধের উৎপাদন প্রতিদিন ১৩,০০০ লিটার থেকে ৩২,০০০ লিটারে উন্নীত হয়েছে।	উদ্দেশ্য সফল হয়েছে।
(খ)	অতিরিক্ত তাঁজা তরল দুধ ও দুগ্ধজাত দ্রব্যাদি সেনানিবাসের পার্শ্ববর্তী এলাকা সাভার, ঈশ্বরদী, লালমনিরহাট ও যশোর জেলায় বিক্রির মাধ্যমে স্থানীয় বেসামরিক জনগণের পুষ্টির চাহিদা নিশ্চিত করা।	-	অতিরিক্ত তাঁজা তরল দুধ ও দুগ্ধজাত দ্রব্যাদি উৎপাদনের মাধ্যমে সেনাবাহিনী ও প্রতিরক্ষা খাত হতে বেতনভুক্ত কর্মকর্তা-কর্মচারিদের পুষ্টি চাহিদা অনেকটা নিশ্চিত করা গেলেও প্রকল্প এলাকার পার্শ্ববর্তী স্থানীয় বেসামরিক জনগণকে এর আওতায় আনাই সম্ভব হয়নি। তাই স্থানীয় বেসামরিক জনগণের পুষ্টির চাহিদা নিশ্চিত করা যায়নি।
(গ)	নিলামের মাধ্যমে ষাঁড় বাছুর, বকনা এবং গাভী স্থানীয় জনসাধারণের নিকট বিক্রয় করা।	সার্বিকভাবে জাত উন্নয়ন হয়েছে এবং গরুর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। ফলে ত্রৈমাসিক ভিত্তিতে উল্লেখযোগ্য সংখ্যক ষাঁড় বাছুর, বকনা এবং গাভী নিলাম করা হচ্ছে।	উদ্দেশ্য সফল হয়েছে।
(ঘ)	তরল দুধের উৎপাদন বৃদ্ধির মাধ্যমে খাদ্যের নিরাপত্তা বৃদ্ধি এবং স্বাস্থ্য ঝুঁকি কমানো, পুষ্টির চাহিদা পূরণ এবং বিদেশ হতে গুড়োদুধ আমদানী বন্ধকরতঃ প্রচুর পরিমান বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা।	তাঁজা তরল দুধের উৎপাদন প্রতিদিন ১৩,০০০ লিটার থেকে ৩২,০০০ লিটারে উন্নীত হয়েছে।	তরল দুধের উৎপাদন বৃদ্ধির মাধ্যমে সেনাবাহিনী ও প্রতিরক্ষা খাত হতে বেতনভুক্ত কর্মকর্তা-কর্মচারিদের খাদ্যের নিরাপত্তা বৃদ্ধি এবং স্বাস্থ্য ঝুঁকি কমানো, পুষ্টির চাহিদা পূরণের উদ্দেশ্য অনেকটা পূরণ হয়েছে মর্মে প্রতীয়মান হয়। তাই এ প্রকল্পের মাধ্যমে সেনাবাহিনী ও প্রতিরক্ষা খাত হতে বেতনভুক্ত কর্মকর্তা-কর্মচারিদের জন্য বিদেশ হতে গুড়োদুধ আমদানী করার প্রয়োজন হয়নি এবং এর ফলে কিছুটা বৈদেশিক মুদার সাশ্রয় হয়েছে বলা যেতে পারে। তবে, দেশের দুগ্ধ আমদানীর সামগ্রিক পরিস্থিতিতে এর প্রভাব লক্ষনীয় নয়।

(ঙ)	দেশের দরিদ্র জনগোষ্ঠীর আয়, পুষ্টির চাহিদা পূরণ এবং কর্মসংস্থান সৃষ্টি করা।	কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে সমাজের দারিদ্রতা হ্রাস পেয়েছে।	এই উদ্দ্যেশ্য যথাযথভাবে মূল্যায়ন করতে হলে দরিদ্র জনগোষ্ঠীর আয়, পুষ্টির চাহিদা এবং কর্মসংস্থান সম্পর্কিত সুনির্দিষ্ট বেইজলাইন ডাটার প্রয়োজন ছিলো। প্রকল্প দলিলে এ সংক্রান্ত তথ্য সুনির্দিষ্টভাবে উল্লেখ না থাকায় এই উদ্দেশ্য অর্জিত হয়েছে সেটা সুনির্দিষ্টভাবে বলার সুযোগ নেই।
(চ)	কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে সমাজ হতে দারিদ্রতা বিমোচনে সহায়তা করা।		

১৭। প্রকল্পের ফলাফল স্থায়িত্বকরণ (Sustainability Plan): প্রকল্প বাস্তবায়ন শেষে অত্র প্রকল্পের মাধ্যমে ক্রয়কৃত গবাদি প্রানী/যানবাহন/অন্যান্য যন্ত্রপাতী ও নির্মিত স্তাহপনাসমূহ সংশ্লিষ্ট মিলিটারি ফার্মসমূহের অধীনে ন্যস্থপূর্বক ব্যবহার ও রক্ষণাবেক্ষণ এবং মিলিটারিফার্মসমূহের সাঙ্গাগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্ত করা হবে মর্মে ডিপিপি'তে প্রভিশন রয়েছে।

১৮। সার্বিক পর্যবেক্ষণ:

১৮.১ কাউশেডের ওয়াটার ট্রাফগুলি প্রয়োজনের তুলনায় অনেক উঁচুতে থাকায় বাচ্চা গরুদের পানি খেতে অসুবিধা হচ্ছে মর্মে দেখা যায়।

১৮.২ কাউশেডগুলিতে ডেইরি ফ্যানের পরিবর্তে সিলিং ফ্যান লাগানো হয়েছে। ফলে পর্যাপ্ত ও প্রয়োজনীয় বায়ুপ্রবাহ নিশ্চিত হচ্ছে বলে প্রতীয়মান হচ্ছে না। তাছাড়া, কাউশেডে কিছু অচল ফ্যান পরিলক্ষিত হয়েছে।

১৮.৩ ০২ (দুইটি) শেডের চালায় ইতোমধ্যেই মরিচা পড়ে ক্ষতিগ্রস্থ হয়েছে। ফলে বৃষ্টির পানি শেডের অভ্যন্তরে প্রবেশ করে প্রাণিগুলির স্বাভাবিক পরিবেশ নষ্ট করছে।

১৮.৪ পরিদর্শনকালে দায়িত্বরত অফিসারগন তাৎক্ষণিকভাবে ক্রয় এবং অডিট সংক্রান্ত তথ্য পরিদর্শনকারীর নিকট উপস্থাপন করতে পারেন নি। এ প্রসঙ্গে জানা যায় যে, প্রকল্পের এ সংক্রান্ত মূল ফাইল প্রকল্প অফিসে (হেডকোয়ার্টারে) সংরক্ষিত থাকে। এক্ষেত্রে পরিদর্শনকারীর ট্যুর প্রোগ্রমে উল্লেখ থাকা সত্ত্বেও সংশ্লিষ্ট ফাইলসমূহ পরিদর্শনস্থলে না রাখার ফলে ক্রয় এবং অডিট সংক্রান্ত তথ্যগুলি যাচাই করা সম্ভব হয়নি।

১৮.৫ সংশোধিত মোট বরাদ্দ ছিলো ১২৭৬০.৯৪ লক্ষ টাকা। এর মধ্যে বরাদ্দ প্রদান করা হয়েছে ১২৭৩৫.০০ লক্ষ টাকা এবং প্রকৃত খরচ হয়েছে ১২২৬৪.১৬ লক্ষ টাকা। অব্যয়িত ৪৭০.৮৪ লক্ষ টাকা সংশ্লিষ্ট অর্থনৈতিক কোডে জমা প্রদান করা হয়েছে কিনা তা জানা যায়নি।

১৮.৬ মিলিটারি ফার্ম সাভারের অবকাঠামোগত উন্নয়নের তুলনায় ফার্মের ল্যাবরেটরি সুযোগ-সুবিধা ততো উন্নয়ন হয়নি মর্মে পরিলক্ষিত হয়। মূলত ডিপিপিতে এ সংক্রান্ত প্রয়োজনীয় আধুনিক ইক্যুইপমেন্টের সংস্থান না রাখাতে ল্যাবরেটরির মানোন্নয়ন সম্ভব হয়নি।

১৮.৭ প্রকল্পের একটি গুরুত্বপূর্ণ উদ্দ্যেশ্য থাকা সত্ত্বেও অতিরিক্ত তাঁজা তরল দুধ ও দুগ্ধজাত দ্রব্যাদি উৎপাদনের মাধ্যমে সেনাবাহিনী ও প্রতিরক্ষা খাত হতে বেতনভুক্ত কর্মকর্তা-কর্মচারিদের পুষ্টি চাহিদা অনেকটা নিশ্চিত করা গেলেও প্রকল্প এলাকার পার্শ্ববর্তী স্থানীয় বেসামরিক জনগণকে এর আওতায় আনাই সম্ভব হয়নি। ফলে স্থানীয় বেসামরিক জনগণের পুষ্টির চাহিদা নিশ্চিত করা যায়নি।

১৯। প্রকল্প পরিদর্শনের স্থির/ভিডিও চিত্র ও বর্ণনা:



সাভার মিলিটারি ফার্মে প্রকল্পের আওতায় নির্মিত বিভিন্ন স্থাপনা পরিদর্শনের চিত্র

২০। মতামত/সুপারিশ:

২০.১ কাউশেডের ওয়াটার ট্রাফগুলি প্রয়োজনমাফিক উচচতায় পুনঃস্থাপনের বিষয়ে সেনাবাহিনীর কিউএমজি'র শাখা/আরভিএন্ডএফ পরিদপ্তর /ইইনসি'র শাখা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে (১৮.১);

২০,২ কাউশেডগুলিতে ডেইরি ফ্যান প্রতিস্থাপন করা যায় কিনা তা বিবেচনা করা যেতে পারে। যদি একান্তই সম্ভব না হয় তাহলে সরু স্ট্যান্ডের পরিবর্তে মোটা স্টান্ড/পাইপ ব্বহার করতে হবে। এছাড়া কাউশেডের অচল ফ্যানগুলি সচল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে সেনাবাহিনীর কিউএমজি'র শাখা/আরভিএন্ডএফ পরিদপ্তর /ইইনসি'র শাখা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে (১৮.২);

২০.৩ বৃষ্টির পানি শেডের অভ্যন্তরে প্রবেশ করে প্রাণিগুলির স্বাভাবিক পরিবেশ যাতে নষ্ট করতে না পারে সে লক্ষ্যে মরিচা পড়া শেডগুলির সংস্কার কিংবা মেরামতে সেনাবাহিনীর কিউএমজি'র শাখা/আরভিএন্ডএফ পরিদপ্তর /ইইনসি'র শাখা প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে (১৮.৩);

২০.৪ পরিদর্শনকালে প্রকল্পের বাস্তবায়নের সাথে সম্পর্কিত (ক্রয়, অডিট ইত্যাদি) নথিসমূহ পরিদর্শনস্থলে উপস্থাপন কিংবা নথিসমূহের একটি প্রত্যায়িত ছায়ালিপি প্রকল্প সাইটে সংরক্ষণ করার জন্য বাস্তবায়নকারী সংস্থাকে নির্দেশনা প্রদানের জন্য মন্ত্রণালয়কে অনুরোধ করা হলো (১৮.৪);

২০.৫ অব্যয়িত ৪৭০.৮৪ লক্ষ টাকা সংশ্লিষ্ট অর্থনৈতিক কোডের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে কিনা এ বিষয়ে আইএমইডি-কে অবহিত করতে হবে (১৮.৫);

২০.৬ মিলিটারি ফার্মগুলিতে অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি ল্যাবরেটরি সুযোগ-সুবিধা উন্নত করার বিষয়ে সেনাবাহিনীর কিউএমজি'র শাখা/আরভিএন্ডএফ পরিদপ্তর /ইইনসি'র শাখা উদ্যোগ গ্রহণ করতে পারে (১৮.৬);

২০.৭ অতিরিক্ত তাঁজা তরল দুধ ও দুগ্ধজাত দ্রব্যাদি উৎপাদনের মাধ্যমে সেনাবাহিনী ও প্রতিরক্ষা খাত হতে বেতনভুক্ত কর্মকর্তা-কর্মচারিদের পুষ্টি চাহিদা পূরণের পাশাপাশি প্রকল্প এলাকার পার্শ্ববর্তী স্থানীয় বেসামরিক জনগণের পুষ্টির চাহিদা নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণ করা যেতে পারে (১৮.৭);

২০.৮ অডিট সম্পাদন কিংবা আপত্তি বা আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত হালনাগাদ তথ্য আইএমইডি'কে অবহিত করতে হবে;

উল্লিখিত সুপারিশসমূহের উপড় গৃহীত পদক্ষেপ সম্পর্কে আইএমইডি'কে আগামী ০৫ নভেম্বর ২০২৩ এর মধ্যে অবহিত করতে হবে।